গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।

নম্বর: ৩১.০০.০০০০.০৯১.১১.০০১.২০-৮৫৫

তারিখ: ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক (Individual Local Consultant) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং" প্রকল্পের আওতায় ১১টি ক্যাটাগরির ১১টি পদে স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক (Individual Local Consultant) নিয়োগ করা হবে। এ সংক্রান্ত নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদনপত্র ও জীবন-বৃত্তান্ত সংক্রান্ত নির্ধারিত ছক এবং স্থানীয় পরামর্শকদের Terms of Reference (ToR) ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২১-০১-2024

(মোঃ কফিল উদ্দিন)
প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২ ৪১০২৫৫৮৬
ই-মেইল: pdlandzoning@minland.gov.bd

প্রোগ্রামার
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং-৩১.০০.০০০০.০৯১.১১.০০১.২০-৮৫৩

তারিখঃ ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

## স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং" প্রকল্পের অধীনে স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক (Individual Local Consultant) হিসাবে নিম্নবর্ণিত পদে প্রকল্প মেয়াদকালীন চুক্তিভিত্তিক নিয়োগের জন্য পার্শ্বে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এ প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে বর্ণিত হারে মাসিক সম্মানী প্রাপ্ত হবেন।

| ক্র: নং | স্থানীয় পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সিনিয়র ল্যান্ড ইউজ প্ল্যানার | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মৃত্তিকা বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ভূগোল/সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>প্রাসঙ্গিক কম্পিউটার সফটওয়্যার যথা- এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদিতে পারদর্শিতা থাকা বাধ্যতামূলক। |
| ২. | কৃষি অর্থনীতিবিদ | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি অর্থনীতি/ উন্নয়ন অর্থনীতি/অর্থনীতি/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সএল, পাওয়ার পয়েন্ট, ইত্যাদি ক্ষেত্রে বাধ্যতামূলক পারদর্শিতা থাকতে হবে। |
| ৩. | ল্যান্ড ইউজ প্ল্যানার | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মৃত্তিকা বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ভূগোল/সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ভূমি সংক্রান্ত কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে পারদর্শিতা বাধ্যতামূলক। |
| ৪. | কৃষি বিশেষজ্ঞ | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্টে পারদর্শিতা বাধ্যতামূলক। |
| ৫. | মৎস্য স্পেসালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৎস্য/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্টে ব্যবহারে পারদর্শিতা বাধ্যতামূলক। |

৬৬

| ক্র: নং | স্থানীয় পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ৬. | বন স্পেসালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বন বিদ্যা/উদ্ভিদবিদ্যা/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট ব্যবহারে পারদর্শিতা বাধ্যতামূলক। |
| ৭. | পরিবেশ স্পেসালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিবেশ বিজ্ঞান/মৃত্তিকা, পানি ও পরিবেশ/ ভূগোল/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট বিষয়ে পারদর্শীতা বাধ্যতামূলক। |
| ৮. | সামাজিক ও প্রতিষ্ঠানিক স্পেসালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজতত্ব/ সমাজ কল্যাণ/ সামাজিক বিজ্ঞান/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। |
| ৯. | নগর পরিকল্পনাবিদ | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নগর ও অঞ্চল পরিকল্পনা/ নগর ও গ্রামীণ পরিকল্পনা/ ভূগোল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। |
| ১০. | জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিআইএস/ভূগোল/পুর কৌশলে স্নাতক /স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস ও রিমোট সেন্সিং ভূমিব্যবহার ও জোনিং মানচিত্র প্রণয়ন, ArcGIS এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিষ্ট হিসেবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং সমজাতীয় প্রকল্পের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১১. | ডাটা প্রসেসর<br>(উপাত্ত প্রক্রিয়াকারী) | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অনুরূপ সরকারি/আধাসরকারি প্রকল্প কাজের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। |

**আবেদনপত্র প্রেরণের শর্তাবলীঃ**

১. ভূমি মন্ত্রণালয় (www.minland.gov.bd) এবং প্রকল্প (www.landzoning.gov.bd) এর ওয়েব সাইট হতে আবেদনপত্র ও জীবন-বৃত্তান্ত সংক্রান্ত নির্ধারিত ছক ডাউনলোড করে তা পূরণপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। অন্যান্য তথ্যাদি এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

২. আগামী ১৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে সম্বোধন করে আবেদনটি প্রকল্প পরিচালক, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ১৩ তলা, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮-এর কার্যালয়ে ডাক যোগে পৌছাতে হবে।

৩. আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬৭ (সাতষট্টি) বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে।

৪. আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র সংযুক্ত করতে হবে।

৫. নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৬. ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

৭. চাকুরিরত প্রার্থীদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে এবং এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে এবং ১০/-(দশ) টাকা মূল্যমানের ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১০. যে কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১. পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. কেবল মাত্র Short listed প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

২১.০২.২০২৪

(মোঃ কফিল উদ্দিন)
প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল
ভূমি জোনিং প্রকল্প
ভূমি মন্ত্রণালয়।
ফোনঃ ০২ ৪১০২৫৫৮৬